মহাপরিচালকের দপ্তর
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ডাইরী নং ৭৫০৪ তাং ২৮/১০/২০২০
প্রোগ্রাম ম্যানেজার- QIS/GNSPU
পরিচালক-প্রশাসন/গবেষণা
উপপরিচালক- ১/২/৩/৪
ডিপিএম- QIS/GNSPU..........
সংযুক্ত কর্মকর্তা........................
সিস্টেম এনালিস্ট
গবেষণা কর্মকর্তা- ১/২
প্রশাসনিক কর্মকর্তা- ১/২
সহঃ হিসাবরক্ষণ কর্মকর্তা
ব্যক্তিগত কর্মকর্তা
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো. আবদুল মান্নান, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩৮, ভবন-৩)।
তারিখ ও সময় : ২৮.০৯.২০২০ খ্রিঃ, বেলা: ২:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট-'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। চলতি অর্থবছরের নৈতিকতা কমিটির প্রথম সভার প্রারম্ভে তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে বলেন যে, আজ মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জন্মদিন। আমরা তাঁর দীর্ঘায়ু ও সুস্থ জীবন কামনা করি। তিনি আমাদের পথ প্রদর্শক। তাঁর নির্দেশনায় দেশ আজ এগিয়ে চলছে। তিনি সভায় শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহে শুদ্ধাচার চর্চার গুরুত্ব অপরিসীম। তিনি বর্তমান সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে নাজমা বেগম, উপসচিব (প্রশাসন-৪) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ২০.০৭.২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ :**<br>সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২০) প্রতিবেদন আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২০) প্রতিবেদন আগামী ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রশাসন-৪ |
| | তিনি অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে তাদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২০) প্রতিবেদন আগামী ১১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | খ) অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ তাদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর ২০২০) প্রতিবেদন আগামী ১১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে। | সকল অধিদপ্তর/দপ্তর |
| ২.২ | **ক) দক্ষতার ও নৈতিকতার উন্নয়ন :**<br>নাজমা বেগম, উপসচিব (প্রশাসন-৪) কর্মকর্তা-কর্মচারীদের | জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল | প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| | অংশগ্রহণে সুশাসন ও চাকরি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আগামী অক্টোবর ২০২০ হতে শুরু হবে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের সুশাসন ও চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। | কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের সুশাসন ও চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | |
| ২.৩ | **খ) আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার:**<br>উপসচিব (প্রশাসন-৪) জানান যে, চলতি অর্থবছরে 'বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২০' চূড়ান্ত অনুমোদনের জন্য, ঔষধ আইন, ২০১৯ নীতিগত অনুমোদনের জন্য এবং রেড ক্রিসেন্ট আইন, ২০১৯ এর খসড়া আগামী ৩০ জুন ২০২১ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। সভাপতি আইনগুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগকে নির্দেশনা প্রদান করেন। | ক) 'বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২০' চূড়ান্ত অনুমোদনের জন্য আগামী ৩০ জুন ২০২১ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;<br>খ) রেড ক্রিসেন্ট আইন, ২০১৯ এর খসড়া আগামী ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;<br>গ) ঔষধ আইন-২০১৯ নীতিগত অনুমোদনের জন্য আগামী ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | হাসপাতাল/জনস্বাস্থ্য/ ঔষধ প্রশাসন অনুবিভাগ |
| ২.৪ | **গ) সুশাসন প্রতিষ্ঠা :**<br>উপসচিব (প্রশাসন-৪) সকল অনুবিভাগ, অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে আগামী ১১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করেন। তিনি এ বিষয়ে সকল অনুবিভাগ অধিদপ্তর/দপ্তরে গত ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের অনুবিভাগসমূহে উত্তম চর্চা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। | ক) সকল অনুবিভাগ অধিদপ্তর/দপ্তরসমূহ উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে আগামী ১১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে।<br>খ) স্বাস্থ্য সেবা বিভাগের অনুবিভাগসমূহে উত্তম চর্চা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | সকল অনুবিভাগ/ অধিদপ্তর/দপ্তর |
| ২.৫ | **ঘ) ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ :**<br>১. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ : জনাব আহমেদ লতিফুল ইসলাম, সিস্টেম এনালিস্ট জানান যে, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়বসাইটে প্রকাশ করা হয়েছে।<br>২. **GRS সেবা বক্স হালনাগাদকরণ** : সভাপতি মহোদয় GRS সেবা বক্স হালনাগাদ করার পরামর্শ দেন। তিনি অনলাইনে প্রাপ্ত অভিযোগগুলো দ্রুত সমাধান করার জন্য প্রশাসন-২ শাখাকে নির্দেশনা প্রদান করেন । | অনলাইনে প্রাপ্ত অভিযোগগুলো দ্রুত সমাধান করতে হবে: | প্রশাসন-২ |
| ২.৬ | **ঙ) প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার :**<br>**১. প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন:** উপসচিব (প্রশাসন-৪) জানান যে, প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ৬.১ উপানুচ্ছেদ অনুযায়ী ৩১ জুলাই ২০২০ তারিখের মধ্যে অনুমোদন করার নির্দেশনা রয়েছে। কিন্তু প্রশাসন-৪ | ১. আগামী ১৫ দিনের মধ্যে প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন করে প্রশাসন-৪ অধিশাখাকে অবহিত করতে হবে: | উন্নয়ন/পরিকল্পনা অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | অধিশাখায় এখন পর্যন্ত প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের কোন আদেশ পৌঁছায়নি। তিনি আরো জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৬.১ অনুচ্ছেদের তারিখ বর্ধিত করে লক্ষ্যমাত্রা দ্বিতীয় কোয়ার্টারে নির্ধারণ করার প্রস্তাব সচিব মহোদয় কর্তৃক অনুমোদনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি উন্নয়ন অনুবিভাগকে আগামী ১৫ দিনের মধ্যে প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন করে প্রশাসন-৪ অধিশাখাকে অবহিত করতে নির্দেশনা প্রদান করেন।<br><br>**২. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ:** সভাপতি কর্মকর্তা মনোনয়নপূর্বক প্রকল্প পরিদর্শনের আদেশ করতে পরিকল্পনা অনুবিভাগকে নির্দেশনা প্রদান করেন। | ২. কর্মকর্তা মনোনয়নপূর্বক প্রকল্প পরিদর্শনের আদেশ জারি করতে হবে: | পরিকল্পনা অনুবিভাগ |
| ২.৭ | **চ) ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার :**<br>**১. ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন:** সভাপতি যেকোন একটি ক্রয়কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পাদন করতে প্রশাসন-২ কে নির্দেশনা প্রদান করেন। | ১. চলতি অর্থবছরে যেকোন একটি ক্রয়কার্য ই-টেন্ডারের মাধ্যমে সম্পাদন করতে হবে | প্রশাসন-২ |
| ২.৮ | **ছ) স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ :**<br>**১. সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি :** স্বাস্থ্য সেবা বিভাগের সিটিজেন চার্টার ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ঔষধ প্রশাসন অধিদপ্তর তাদের সিটিজেন চার্টার স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করেছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভাপতি নির্ধারিত সময় সিটিজেন চার্টার প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে ব্যর্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে তাগিদ পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। তিনি সিটিজেন চার্টার দ্রুত বাস্তবায়নের জন্য সকল অনুবিভাগ, অধিদপ্তর/দপ্তরকে পুনরায় নির্দেশনা প্রদান করেন।<br><br>২. শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন: সভাপতি শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন।<br><br>৩. নথির শ্রেণি বিন্যাস ও বিনষ্টকরণ: সভাপতি শাখা/অধিশাখাকে নথির শ্রেণিবিন্যাস করে প্রশাসন-৪ শাখাকে অবহিত করতে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, তিনি সকল শাখাকে অপ্রয়োজনীয় নথি বিনষ্ট করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। | ১. সিটিজেন চার্টার সকল অনুবিভাগ, অধিদপ্তর/দপ্তরকে দ্রুত বাস্তবায়ন করতে হবে। সিটিজেন চার্টার প্রেরণ করতে ব্যর্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে তাগিদ পত্র প্রেরণ করতে হবে।<br><br>২. শাখা পরিদর্শন/নথির শ্রেণি বিন্যাস/ বিনষ্ট করে প্রশাসন-৪ অধিশাখাকে অবহিত করতে হবে। | প্রশাসন-১/অধিদপ্তর/ দপ্তরসমূহ<br><br>সকল শাখা/অধিশাখা |
| ২.৯ | **জ) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম**<br>**১. কোভিড-১৯ সংক্রান্ত প্রজেক্ট দুটির বাস্তবায়ন অগ্রগতি :** জনাব মোঃ হেলাল উদ্দিন, অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জানান যে, প্রজেক্ট দুটি নিয়ে এ পর্যন্ত দুটি সভা অনুষ্ঠিত হয়েছে। | | |

| | | | |
|---|---|---|---|
| | **২. হাসপাতালসমূহে ক্রয়কৃত ভারী যন্ত্রপাতি স্থাপন পরবর্তী ব্যবহার কার্যক্রম পরিদর্শন :** জনাব মোঃ মুহিবুর রহমান, অতিরিক্ত সচিব (হাসপাতাল) জানান, হাসপাতালসমূহে ভারী যন্ত্রপাতি স্থাপনের বিষয়টি মনিটরিং করার জন্য দেশের বিভিন্ন হাসপাতালে অফিস অটোমেশন কার্যক্রম শুরু করা হয়েছে। এ পর্যন্ত দেশের ২৩টি হাসপাতালে অটোমেশন চালু করা হয়েছে। আগামী নভেম্বর ২০২০ এর মধ্যে আরো ৫০টি হাসপাতালে অফিস অটোমেশন কার্যক্রম শুরু করা হবে। অফিস অটোমেশন শুরু হলে অনলাইনে সবাই ভারী যন্ত্রপাতি মনিটরিং করতে পারবে। সভাপতি অফিস অটোমেশন ব্যবস্থাকে টেকসই করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে অতিরিক্ত সচিব (হাসপাতাল অনুবিভাগ)-কে অনুরোধ করেন।<br><br>জনাব মোঃ হেলাল উদ্দিন, অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জানান যে, পরিকল্পনা অনুবিভাগে Asset Management System নামে একটি সফট্ওয়্যার রয়েছে। অপারেশনাল প্ল্যানের মাধ্যমে যে ভারী যন্ত্রপাতি ক্রয় করা হয় সেগুলো এই সিস্টেমে এন্ট্রি করা হয়। এটি অন্যান্য প্রকল্পের জন্য কার্যকর করা যায় মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। স্বাস্থ্য অধিদপ্তরের উপপরিচালক (এমআইএস) Asset Management System সফট্ওয়্যারের কাজ প্রক্রিয়াধীন মর্মে জানান। সভাপতি প্রয়োজনের অতিরিক্ত ভারী যন্ত্রপাতি ক্রয় বন্ধকরণ এবং স্বাস্থ্য সেবা বিভাগের আর্থিক সাশ্রয়ের জন্য দ্রুত System ডেভেলপ করার নির্দেশনা প্রদান করেন। | ২. প্রয়োজনের অতিরিক্ত ভারী যন্ত্রপাতি ক্রয় বন্ধকরণ এবং স্বাস্থ্য সেবা বিভাগের আর্থিক সাশ্রয়ের জন্য দ্রুত Asset Management System ডেভেলপ করতে হবে। | হাসপাতাল/উন্নয়ন/ পরিকল্পনা অনুবিভাগ |
| | **৩. ওষুধের খুচরা মূল্য ওয়েবসাইটে প্রকাশ:** সভাপতি এসেন্সিয়াল ড্রাগস কোম্পানি কর্তৃক উৎপাদিত ঔষধের নির্দেশকমূলক খুচরা মূল্যের হালনাগাদ তথ্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | ৩. এসেন্সিয়াল ড্রাগস কোম্পানি কর্তৃক উৎপাদিত ঔষধের নির্দেশকমূলক খুচরা মূল্যের হালনাগাদ তথ্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | ঔষধ প্রশাসন অনুবিভাগ/অধিদপ্তর |
| | **৪. অধিদপ্তর/দপ্তরসমূহে গণশুনানি মনিটরিং:** সভাপতি অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহে অনলাইনে গণশুনানি কার্যক্রম মনিটরিং করার জন্য প্রশাসন-৪ অধিশাখাকে নির্দেশনা প্রদান করেন। | ৪. অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমুহে অনলাইনে গণশুনানি আয়োজন অব্যাহত রাখতে হবে। স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-৪ অধিশাখা এটি নিয়মিত মনিটরিং করবে। | অধিদপ্তর/দপ্তরসমূহ ও প্রশাসন-৪ |
| ২.১০ | **ঝ) কর্ম-পরিবেশ উন্নয়ন:**<br>**১. পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি:** সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের পরিষ্কার পরিচ্ছন্নতা বিশেষ করে টয়লেটসমূহের পরিবেশ উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণে প্রশাসন-২ শাখাকে নির্দেশনা প্রদান করেন। প্রয়োজনে আউটসোর্সিং থেকে লোক নিয়োগ করে পরিবেশ উন্নয়নের পরামর্শ দেন। জনাব মোঃ সাইদুর রহমান, অতিরিক্ত সচিব (উন্নয়ন) | ১. স্বাস্থ্য সেবা বিভাগের পরিষ্কার পরিচ্ছন্নতা বিশেষ করে টয়লেটসমূহের পরিবেশ উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন-২ |

| | | | |
|---|---|---|---|
| | সচিবালয়ে বিদ্যমান পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি আন্তঃমন্ত্রণালয় সভা করে সমাধা করতে হবে মর্মে অভিমত প্রকাশ করেন। | | |

৩. আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
০৮.১০.২০২০
**(মো. আবদুল মান্নান)**
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং: ৪৫.০০.০০০০.১৪৩.১৪.০০৫.১৮- ২৫৬

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৭
১২ অক্টোবর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল/উন্নয়ন/জনস্বাস্থ্য/বিশ্বস্বাস্থ্য/নার্সিং ও মিডওয়াইফারি/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/বাজেট/ ঔষধ প্রশাসন ও আইন/পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়): (অধিদপ্তর/দপ্তর/সংস্থা)

১. মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৩. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালি, ঢাকা।
৪. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালি, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

12/10/20

(উর্মি তামান্না)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল monitor@hsd.gov.bd